

মিলাদের উপর লিখিত প্রথম স্বতন্ত্র কিতাব

কোরআন ও হাদীসের আলোকে সহি রেওয়ায়াতের মাধ্যমে মিলাদ ও কেয়ামের উপর প্রথম স্বতন্ত্র কিতাব রচনা করেন আল্লামা আবুল খাত্তাব ওমর ইবনে দিহ্ইয়া (রহঃ)। ইনি মরক্কোর অধিবাসী এবং পর্যটক। তাঁর লিখিত কিতাবের নাম “আত-তানভীর ফি মাওলিদিল বাশিরীন নাজির” সংক্ষেপে “আত-তানভীর”। রচনাকাল ৬০৪ হিজরী।

ইবনে দিহ্ইয়া সম্পর্কে ইবনে খাল্লেকান লিখেন ঃ

ابن دحية كان من اعيان العلماء ومشاهير الفضلاء قدم من
المغرب فدخل الشام والعراق واجتاز بربل سنة اربع وستمائة
فوجد ملكها المعظم مظفر الدين بن زين الدين يعتنى بالمولد
النبوي فعمل له كتاب التنوير في مولد البشير النذير وقرأه
عليه بنفسه فاجازه بالف دينار قال وقد سمعناه على السلطان
في ستة مجالس في سنة خمس وعشرين وستمائة (النعمة
الكبرى على العالم صفحة ٧٦ فتاوى علامة جلال الدين

السيوطي)

অর্থ : “ইবনে খাল্লেকান বলেন- ইবনে দিহইয়া ছিলেন সে যুগের বিখ্যাত ওলামা ও প্রসিদ্ধ ফোজালাগণের মধ্যে অন্যতম ব্যক্তিত্ব। তিনি মরক্কো হতে আগমন করে পর্যটনের উদ্দেশ্যে সিরিয়া ও ইরাকে প্রবেশ করেন এবং ৬০৪ হিজরী সালে (কুর্দিস্তানের) আরবিল শহরে আগমন করেন। তিনি তথাকার সম্মানিত শাসক ও বাদশাহ মোজাফফর উদ্দীন ইবনে জয়নুদ্দীনকে মিলাদুন্নবী (দঃ) অনুষ্ঠান পালন করতে দেখতে পান। তিনি বাদশাহকে উপহার দেয়ার উদ্দেশ্যে “আত-তানভীর ফি মাওলিদিল বাশিরিন নাজীর” নামক একখানা গ্রন্থ মিলাদ শরীফের উপর রচনা করে উপহার প্রদান করেন। তিনি নিজে গ্রন্থখানা পাঠ করে বাদশাহকে শুনান। বাদশাহ প্রীত হয়ে তাঁকে এক হাজার স্বর্ণমুদ্রা উপহার দেন। ইবনে খাল্লেকান বলেন : “আমি ৬২৫ হিজরীতে উক্ত গ্রন্থখানা ছয়টি মিলাদ মাহফিলে বাদশাহর উপস্থিতিতে পাঠ করতে নিজে শুনেছি”। (আন-নেমাতুল কোবরা আলাল আলম পৃষ্ঠা ৭৬ আল্লামা জালালুদ্দীন সুয়ুতির ফতোয়ার সূত্রে বর্ণিত)

ইবনে কাছির আল্লামা ইবনে দিহইয়ার হাদীস, ইতিহাস ও আরবী সাহিত্যের জ্ঞানের প্রশংসা করেছেন তাঁর বেদায়া ও নেহায়া গ্রন্থে।

তাকসীরে রুহুল বয়ান ৯ম খন্ড ৫৭ পৃষ্ঠায় উল্লেখ আছে :

وأول من أحدثه من الملوك صاحب ربل ووصف له ابن دحية
رحمه الله كتاباً في المولد سماه التنوير في مولد البشير

النَّذِيرِ- فَأَجَازَهُ بِأَلْفِ دِينَارٍ وَقَدْ اسْتَخْرَجَ لَهُ الْحَافِظُ بْنُ حَجْرٍ
أَصْلًا مِّنَ السُّنَّةِ وَكَذَا الْحَافِظُ السُّيُوطِيُّ- وَرَدًّا عَلَى الْفَاكِهَانِيِّ
أَلْمَالِكِيِّ فِي قَوْلِهِ إِنَّ عَمَلَ الْمَوْلِدِ بِدْعَةٌ مَذْمُومَةٌ كَمَا فِي إِنْشَانِ
الْعَيُونِ .

অর্থ : আল্লামা ইসমাইল হাক্কী তাফসীরে রুহুল বয়ানে বলেন- বাদশাহগণের মধ্যে সর্বপ্রথম রাষ্ট্রীয়ভাবে মিলাদুন্নবী পালন করেন আরবিলের বাদশাহ (মুজাফফর উদ্দীন)। তাঁর উদ্দেশ্যে মিলাদুন্নবীর কিতাব রচনা করেন ইবনে দিহইয়া রহমতুল্লাহ আলাইহে। তিনি কিতাব খানার নামকরণ করেন আত-তানভীর ফি মাওলিদিল বাশিরিন নাজীর। বাদশাহ তাঁকে এর বিনিময়ে এক হাজার স্বর্ণমুদ্রা পুরস্কৃত করেন। ইমাম হাফেজুল হাদীস ইবনে হাজর আসকালানী (রাঃ) মিলাদুন্নবীর ভিত্তি সুন্যাহ হতে প্রমাণ করেছেন এবং অনুরূপ প্রমাণ পেশ করেছেন হাফেজুল হাদীস ইমাম জালালুদ্দীন সুয়ুতি (রহঃ)। তাঁরা উভয়েই তাজুদ্দীন ফাকেহানী মালেকীর মতবাদ খন্ডন করেছেন। ফাকেহানীর মতবাদ হলো- মিলাদুন্নবীর আমলটি নিকৃষ্ট বিদআত। আল্লামা নূরুদ্দীন আলী হলবী তাঁর ইনছানুল উয়ুন ফি সীরাতিল আমিনিল মামুন"- গ্রন্থে এরূপই লিখেছেন। (রুহুল বয়ান ৯ম খন্ড ৫৭ পৃঃ)

বাদশাহ মুজাফফর উদ্দীন কেমন লোক ছিলেন?

আরবিলের (ইরাক) বাদশাহ- যিনি সর্ব প্রথম রাষ্ট্রীয় মর্যাদায় মিলাদুন্নবী উদযাপন করেছেন- তিনি কেমন লোক ছিলেন? সাধারণ বাদশাহগণের ন্যায় ভোগ বিলাসী- না কি দীনদার? এ সম্পর্কে আল্লামা সাইয়েদ আহমদ আবেদীন দামেস্কী- (মৃত্যু ১৩২০ হিজরী বলেন :

قَالَ ابْنُ كَثِيرٍ فِي تَارِيخِهِ كَانَ الْمَلِكُ الْمُظْفَرُ يَعْمَلُ الْمَوْلِدَ
الشَّرِيفَ فِي رَبِيعِ الْأَوَّلِ وَيَحْتَفِلُ فِيهِ احْتِفَالًا هَائِلًا وَكَانَ
شَهْمًا شَجَاعًا بَطْلًا عَاقِلًا وَطَالَتْ مُدَّتُهُ فِي الْمَلِكِ إِلَى أَنْ مَاتَ
وَهُوَ مُحَاصِرُ الْفَرَنْجِ بِمَدِينَةِ عَكَّةَ ثَلَاثِينَ وَسِتْمِئَةً مِائَةً مَحْمُودُ السِّيَرَةِ
وَالسَّرِيرَةِ (نَشْرُ الدَّرَرِ عَلَى مَوْلِدِ ابْنِ حَجْرٍ صَفْحَةٌ ٣٣٨)

মিলাদ ও কিয়ামের বিধান - ২৩

অর্থ : “ইবনে কাছির তাঁর ইতিহাস গ্রন্থে (আল বেদায়া ওয়ান নেহায়া) উল্লেখ করেছেন- বাদশাহ মুজাফফর উদ্দীন প্রতি রবিউল আউয়াল মাসে মিলাদুন্নবী পালন করতেন এবং এ মাসে তিনি বর্ণাঢ্য মাহফিলের আয়োজন করতেন। তিনি ছিলেন সুগঠিত দেহী, বীরপুরুষ, অতি বুদ্ধিমান এবং ন্যায়পরায়ন। তাঁর রাজত্ব কাল ছিল দীর্ঘ দিন- ৬৩০ হিজরী পর্য্যন্ত। যখন তিনি আককা নামক শহরে ইংরেজদের বিরুদ্ধে দুর্গ অবরোধ করে রেখে ছিলেন, তখন তিনি মৃত্যু বরণ করেন। তিনি ছিলেন প্রশংসনীয় চরিত্র ও গুণের অধিকারী”। -নাছরুদ দুরার।